জীবননগরে ৪২তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন

জীবননগরে ৪২তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করা হয়েছে । গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জীবননগর উপজেলা পরিষদের হলরুমে সপ্তাহ ব্যাপী ৪২ তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করা হয়।
জীবননগর উপজেলা নিবাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বিনেশ চন্দ্র পাল, প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় অফিসার মতেহার হোসেন প্রমুখ।

দর্শনায় বিজিবি-বিএসএফ সেক্টর কমান্ডার পর্যায়ে সমন্বয় সভা

কুষ্টিয়া সেক্টরের অধীনস্থ চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি)- বিএসএফ সেক্টর কমান্ডার পর্যায়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর দর্শনা আইসিপি সম্মেলন কেন্দ্রে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ ডেলিগেশন দলের নেতৃত্ব দেন কুষ্টিয়া সেক্টরের সেক্টর কমান্ডার কর্নেল জিয়া সাদাত খান, পিএসসি এবং প্রতিপক্ষ বিএসএফ ডেলিগেশন দলের নেতৃত্ব দেন কৃষ্ণনগর সেক্টরের সেক্টর কমান্ডার ডিআইজি শ্রী পি কে আনান্দ, পিএমএমএস, পিএমজি। এছাড়াও সভায় ১০ জন বিজিবি স্টাফ অফিসারসহ ৯ জন বিএসএফ স্টাফ অফিসার উপস্থিত ছিলেন।

উক্ত সভায় সীমান্তে নিরীহ বাংলাদেশী হত্যা বন্ধ, মাদকদ্রব্য পাচার রোধসহ সীমান্ত এলাকায় অপরাধ কর্মকান্ড রোধকল্পে ১৫০ গজের

মধ্যে উন্নয়নমূলক কাজ, মাদক চোরাচালান বন্ধে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান এবং কাটাতারের বেড়া কাটাসহ সীমান্তের বিভিন্ন সমস্যা ও তার সমাধানের বিষয়ে আলোচনা হয়।

উভয় দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে সু-সম্পর্ক এবং অবৈধভাবে বাংলাদেশী/ভারতীয় নাগরিক সীমান্ত পারাপার বন্ধের আশাবাদ ব্যক্ত করে সীমান্ত সম্মেলনটি শান্তিপূর্ণভাবে শেষ হয়।

আলমডাঙ্গায় তালাকপ্রাপ্তা স্ত্রীর নগ্ন ছবি প্রকাশে সাবেক স্বামী আটক

তালাকপ্রাপ্তা স্ত্রীর নগ্ন ছবি ফেসবুকে ভাইরাল করার অভিযোগে পুলিশের হাতে আটক হয়েছে ইবির পাটিকাবাড়ির রুস্তম নামের এক বখাটে।

জানা গেছে, গত মার্চ মাসের ২০ তারিখে কুষ্টিয়ার ইবির সাবেক সদস্য নজরুল ইসলামের ছেলে রুস্তম আলীর সাথে আলমডাঙ্গার রেল জগন্নাথপুর গ্রামের আব্দুল হান্নানের মেয়ে রিয়া মনির সাথে বিয়ে হয়। কিন্ত স্বামী রুস্তম আলী নেশাসক্ত হওয়ায় অক্টোবরের ১ তারিখে তাদের তালাক হয়ে যায়।

আব্দুল হান্নান জানান, রুস্তম তার মেয়ের নামে ফেসবুকে একটা ফেক আইডি খুলে বিয়ের পরবর্তী সময়ের কিছু নগ্ন ছবি তাতে একটা একটা করে পোস্ট দিতে থাকে। গতকাল সোমবারেও একটা ছবি পোস্ট দেয় রুস্তম আলী।

এরপর প্রতিবেশীদের পরামর্শে তিনি আলমডাঙ্গা থানায় এসে রুস্তমের নামে অভিযোগ দায়ের করেন। পুলিশ পাটিকাবাড়ি গ্রামে অভিযান চালিয়ে রুস্তমকে আটক করে থানায় নিয়ে আসে। তবে যে মোবাইলে ফেক আইডি খোলা হয়েছে সেই মোবাইল পুলিশ এখনও উদ্ধার করতে পারেনি। অভিযুক্ত রুস্তম আলী তার বিরুদ্ধে আনা অভিযোগ স্বীকার করেছে।

এসআই সুলতানুল ইসলাম জানান, অভিযুক্ত রুস্তম আলীকে আটক করা

হয়েছে। ডিজিটাল নিরাপত্তা আইনে তার বিরুদ্ধে মামলার প্রক্রিয়া চলছে।

জীবননগরে ক্লিন-গ্রিন মডেল হসপিটাল কর্মসূচির উদ্বোধন

জীবননগরে স্বেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে তালহা ফাউন্ডেশন এবং এবলুম বাংলার সহযোগিতায় ক্লিন-গ্রিন মডেল হসপিটাল কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০ টার সময় জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। জীবননগর শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এ কর্মসূচির উদ্বোধন করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা ডাঃ জুলিয়েট পারউইন।

এ সময় হাসপাতালের আগাছা পরিষ্কার ও হাসপাতালে বৈদ্যুতিক ব্যবস্থা করা হয়। সাধারণ মানুষকে সচেতন করার জন্য হাসপাতালের বিভিন্ন স্থানে স্টিকার লাগানো, হাসপাতালের সৌন্দর্য বৃদ্ধি করার জন্য ফুলের বাগান এবং হাসপাতালের মধ্যে পরিত্যাক্ত জমিতে ফলজ,বনজ গাছের চারা রোপণসহ পাখিদের নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের (আরএমও) ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু, ডাঃ আফিন্দা রাজ্জাক, শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান , সদস্য হোসেন মিয়াসহ শিকড় সমাজ কল্যাণ সংস্থা জীবননগর উপজেলা শাখার সাধারণ সম্পাদক লাবনী খাতুন, সদস্য এ আর ডাবলু, মফিজুল ইসলাম, ঐশ্বর্য সাহা, রিয়াজ, রমজান, ওমর ফারুক, জাহিদ, মিম, সাদিয়া, শাকিল হোসেন, নিশান প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান।

জীবননগরে দৈনিক সময়ের সমীকরণের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

জীবননগরে দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ৫ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল সোমবার বিকাল সাড়ে ৪ টার সময় জীবননগর প্রেস ক্লাবে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কেটে অনুষ্ঠানের শুভারম্ভ হয়।

অনুষ্ঠানে সময়ের সমীকরণ পত্রিকার জীবননগর অফিস প্রধান জি এ জাহিদুল ইসলাম বাবুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ।

এছাড়াও উপস্থিত ছিলেন সাংবাদিক মাজেদুল ইসলাম মিল্টন, এ আর ডাবলু, রাসেল হোসেন মুন্না, মফিজুল ইসলাম, রমজান হোসেন, শাকিল হোসেন, আহম্মেদ সগীর প্রমুখ ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার জীবননগর অফিসের সহকারী ব্যুরো মিঠুন মাহমুদ ।

হাসাদাহে দৈনিক সময়ের সমীকরণের

প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক সময়ের সমীকরণের ৬ষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। গতকাল সোমবার বিকালে হাসাদাহ প্রেস ক্লাবে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি ডি এম মতিয়ার রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রেস ক্লাবের উপদেষ্টা মিজানুর রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজী কুতুব উদ্দীন।

এছাড়াও উপস্থিত ছিলেন শ্রী নিতাই সেন, এস কে মানিক, প্রেস ক্লাবের সহ-সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সাংগঠনিক সম্পাদক মুন্সী কবির হোসেন, প্রচার ও দপ্তর সম্পাদক আল আমিন, নির্বাহী সদস্য কবির আহম্মদ, লিমন হুসাইন প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সময়ের সমীকরণের হাসাদাহ প্রতিনিধি বদরুজ্জামান শ্যামল।

চুয়াডাঙ্গায় ভুট্টা ক্ষেতে ‘ফল আর্মি ওয়ার্ম’ দমনে প্রশিক্ষণ কর্মশালা

ভুট্টা বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম দানাদার শস্য। কৃষকদের জন্য একটি অত্যন্ত লাভজনক ফসল। ভুট্টা চাষে কৃষকেরা অন্য যেকোন ফসল অপেক্ষা বেশি অর্থ আয়ের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সক্ষম হয়। ভুট্টা ক্ষেতে ক্ষতিকর ফল আর্মিওয়ার্ম থেকে চাষীদের নিরাপত্তা দেয়ার লক্ষ্যে চুয়াডাঙ্গা জেলার হোটেল শহীদ প্যালেসে চারদিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। কৃষি স্প্রসারণ অধিদফতরের প্রায় ৫৫ জন নারী কর্মকর্তা দুটি ব্যাচে

প্রশিক্ষণ কর্মশালাতে অংশ নিচ্ছেন।

রবিবার সকালে এ প্রশিক্ষনের উদ্বোধন করেন বাংলাদেশ কৃষি স্প্রসারণ অধিদপ্তরের যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক পার্থ প্রতিম সাহা। এই প্রশিক্ষণ কর্মসূচীটি মূলত কৃষি স্প্রসারণ অধিদপ্তরে কর্মরত নারী কর্মকর্তাদের জন্য বিশেষ ভাবে ডিজাইন করা হয়েছে। যাতে তারা ফল আর্মিওয়ার্ম দমনে এবং কীটনাশক এর বিষক্রিয়া ঝুঁকি হ্রাসকল্পে কৃষকদের, বিশেষ করে কৃষানীদের যেকোন রকম কৃষি পরামর্শ প্রদানের সক্ষমতা বৃদ্ধি করবে।

চুয়াডাঙ্গা ভুট্টা উৎপাদনে দেশের দ্বিতীয় বৃহত্তম জেলা। এ বছর ৪৮ হাজার ৫’শ হেক্টর জমিতে ভুট্টা আবাদ হয়েছে। যার থেকে ৫ লাখ ৩৩ হাজার মেট্রিক টন ভুট্টা উৎপাদন হবে।

চুয়াডাঙ্গা খামারবাড়ির উপ-পরিচালক মোঃ আলী হাসানের সভাপতিত্বে প্রখ্যাত পতংগবিদ ডক্টর সৈয়দ নুরুল আলম এই প্রশিক্ষণ কার্যক্রমের প্রধান সমন্বয়কের দায়িত্ব পালন করেন এবং সিমিট বাংলাদেশের বেশ কয়েকজন প্রশিক্ষক এর সহায়তায় এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

কৃষিবীদ পার্থ প্রতিম সাহা জানান, গবেষণা লব্ধ জ্ঞান এবং সঠিক বালাই ব্যবস্থাপনার মাধ্যমে ভুট্টা ক্ষেতে ফল আর্মিওয়ার্ম দমন করা সম্ভব। এই প্রশিক্ষণের মাধ্যমে কৃষি কর্মকর্তরা এ বিষয়ে কার্যকরী জ্ঞান অর্জন করবেন।

ফল আর্মিওয়ার্ম শনাক্তকরণ, ফিল্ড স্কাউটিং কৌশল, ফল আর্মিওয়ার্ম এর জীবন পরিক্রমা, এবং মথের সংখ্যা গনা করে করে এই আক্রমনাত্মক পোকার প্রাদুর্ভাব কীভাবে পর্যবেক্ষণ করবেন সেগুলি সহ প্রশিক্ষনের নানা দিক উপস্থাপন করেন। এছাড়াও বাস্তুসংস্থান ব্যবস্থাপনার মাধ্যমে কিভাবে ফল আর্মিওয়ার্ম এর আক্রমণ নিয়ন্ত্রণ করা সম্ভব সে বিষয়ে আলোকপাত করেন পতঙ্গবিদ ড. সৈয়দ নুরুল আলম।

প্রশিক্ষনার্থীরা শ্রেণীকক্ষ এ বিষয়ভিত্তিক জ্ঞান লাভের পাশাপাশি মাঠে গিয়ে সরাসরি ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করেন।

জীবন নগর উপজেলার কৃষি অফিসার শারমিন আক্তার আরো বলেন, শুধুমাত্র মহিলা কর্মকর্তাদের জন্য এই বিশেষায়িত প্রশিক্ষণের অংশ হতে পেরে অত্যন্ত আনন্দিত। ফল আর্মিওয়ার্ম সনাক্তকরণ থেকে শুরু করে সমন্বিত বালাই ব্যবস্থাপনা মাধ্যমে দমন কৌশল স¤পর্কে একটি

বিস্তারিত জ্ঞান অর্জন করতে পারছি। যা আমাকে মহিলা কৃষকদের আরো ভালভাবে কৃষি পরামর্শ প্রদানে সহায়তা করবে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চুয়াডাঙ্গা অঞ্চল (খামারবাড়ি)’র উপপরিচালক কৃষিবীদ মোঃ আলী হাসান তার বক্তব্যে আন্তর্জাতিক ভুট্টা এবং গম গবেষণা কেন্দ্রের কারিগরি সহায়তায় ফল আর্মি ওয়ার্ম এর প্রাদূর্ভাব এর মাত্রা পর্যবেক্ষনের জন্য তৈরি করা এ্যাপ এর প্রশংসা করেন। এছাড়া তিনি আরও বলেন, ফল আর্মিওয়ার্ম দমনে এমন বিশেষায়িত প্রশিক্ষণের মাধ্যমে কৃষি সপ্রসারন অধিদপ্তরের নারী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে বিশেষ সহায়তা করবে।

প্রশিক্ষণ কার্যক্রম এর উদ্বোধনী অনুষ্ঠানে সিমিট বাংলাদেশ এর খুলনা অঞ্চলের হাব কো-অর্ডিনেটর ডঃ খন্দকার শফিকুল ইসলাম এই অঞ্চলে সিমিট এর চলমান বিভিন্ন কর্মসূচী এবং সমন্বিত বালাই ব্যবস্থাপনার মাধ্যমে ফল আর্মিওয়ার্ম দমনে সরকারী এবং বেসরকারি কর্মকর্তাদের জন্য গৃহীত নানা রকম প্রশিক্ষণ কর্মশালা এবং শিক্ষা সরঞ্জাম এর উপর আলোকপাত করেন। এই প্রশিক্ষণ কার্যক্রমটি ২৫ নভেম্বর অবধি চলবে । এই প্রশিক্ষণের পরপরই আগামী ২৮ নভেম্বর থেকে দিনাজপুরের নসিপুরে অবস্থিত র্ব্যাক লার্নিং সেন্টার এ দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। যেখানে দেশের উত্তরাঞ্চলে কর্মরত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহিলা কর্মকর্তারা অংশ গ্রহণ করবেন।

ফল আর্মিওয়ার্ম ভুট্টা ফসলের জন্য একটি অত্যন্ত ক্ষতিকারক পোকা। এটি মূলত আমেরিকা মহাদেশের পোকা হলেও ২০১৮ সালের শেষদিকে বাংলাদেশের প্রথম এই পোকার আক্রমণ চিহ্নিত করা। ফল আর্মিওয়ার্ম ভুট্টা চাষিদের আয় এবং জীবিকার জন্য একটি মারাত্মক হুমকিস্বরূপ । এই সমস্যাটি মোকাবেলায় ইউএসএআইডি এবং মিশিগান ষ্টেট বিশ্ববিদ্যালয়ের (বিএইচইএআরডি) ’র সহযোগীতায় ‘ফাইটিং ব্যাক এগিনেষ্ট দ্যা ফল আর্মি ওয়ার্ম ইন বাংলাদেশ ’ প্রকল্পটি (সিএসআইএসএ) প্রকল্পের সাথে যৌথভাবে কাজ শুরু করে। যার মূল উদ্দেশ্য ছিল কৃষকদের সমন্বিত বালাই ব্যবস্থাপনা কার্যক্রমে সহায়তা করা। এই দুটি প্রকল্পই আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (সিমিট) এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে এবং বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (বিডাব্লএমআরআই) এবং কৃষি সম্প্রসারণ অধিদফতরের (ডিএই) সহযোগিতায় লক্ষ্য অর্জনে এগিয়ে যাচ্ছে।

দামুড়হুদায় মুহুরি আলমগীরের দুর্নীতির শেষ কোথায়?

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা সাব-রেজিস্টারের অফিসের মুহুরি আলমগীরের বিরুদ্ধে ভুয়া দলিল ও জালিয়াতি করে জমির নাম খারিজ করে জমি বিক্রয়ের অভিযোগ উঠেছে।

ঘটনাস্থলে গিয়ে জানা জায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গাং পাড়া গ্রামের নিকবার আলীর ছেলে ফারজুল ইসলাম জমি ক্রয় করে একই ইউনিয়নের তারিনী পুর গ্রামের মসলেম মুহুরির ছেলে আলমগীরের মাধ্যমে। ডুগডুগী গ্রামের সোহরাব হোসেনের স্ত্রী রওশনারা কাছ থেকে মোট ৮ কাঠা ৪ গুন্ডা জমি ক্রয় করেন, দাম ৫৭লক্ষ টাকা, কিন্তু ওই দাগে রওশনারার মোট ৩ কাঠা জমি ছাড়া আর কোন জমি েইন। তবে কি ভাবে মুহুরি আলমঙ্গীর ৮ কাঠা ৪ গুন্ডা জমির নাম খারিজ করে জমি রেজিস্টি করে দিলো।

ভুক্তভোগী নিকবার আলী বলেন, তারিনী পুর গ্রামের মসলেম মুহুরির ছেলে আলমগীর মুহুরির মাধ্যমে ডুগডুগী গ্রামের সোহরাব হোসেনের স্ত্রী রওশনারার কাছ থেকে গত ১১/১১/২০২০ইং তারিখে ৮ কাঠা ৪ গুন্ডা জমি ক্রয় করি। জমির দাগ নং ৬৬৭৩/২০, এখন দেখতে পাচ্ছি রওশনারার মোট জমি আছে ৫ কাঠা, জমির দলিলও জাল। নাম খারিজও করেছে চিটারী করে, আমার প্রায় ১০ লক্ষ টাকা ক্ষতি হয়েছে।

আমি মূর্খ মানুষ লেখা পড়া জানিনা মুহুরি আলমঙ্গীরের নিজের ছেলের মত ভাবতাম, আমি কখনও ভাবিনি আলমগীর আমার সাথে এই ধরনের চিটারী বাটপারী করবে। আমি এই অন্যায়ের বিচার চাই।

মুহুরি আলমগীরের মত চিটার বাটপারের কারণে আমার অনেক ক্ষতি হয়েছে, আর যেন কারো এমন ধরনের ক্ষতি না হয়। আমি বাটপার আলমগীরের নামে মামলা করবো। আমি দামুড়হুদা উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি বাটপার আলমগীরের লাইসেন্স বাতিল করে আইনগত ব্যবস্থা নেয়া হোক।

জীবননগরে মুমূর্ষু রোগীর পাশে গঙ্গাদাশপুর যুব সংগঠন

জীবননগরে মুমূর্ষু রোগীর পাশে দাঁড়িছে গঙ্গাদাশপুর যুব সংগঠনের সদস্যরা। গত দুই দিন আগে এক অসহায় দিনমজুর ভ্যান চালকের মেয়ে টাকার অভাবে সিজার করতে পারছিল না এবং ঔষধ কেনার মত তেমন সামর্থ ছিল না এমন সংবাদ পেয়ে তার বাড়িতে ছুটে যান জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাশপুর যুব সংগঠনের এক ঝাক তরুণ।

ভ্যান চালক দিনমজুরের বাড়িতে গিয়ে তার মেয়েকে নিয়ে জীবননগর শহরের ক্রিসেন্ট ক্লিনিকে ভর্তি করে এবং সিজারের সমস্থ দায়ভার গ্রহণ করে। গতকাল রবিবার সিজার শেষে কর্তব্যরত চিকিৎসক একটি মেয়ে সন্তানের জন্ম হয়েছে বলে জানান।

এ সময় ক্লিনিকে শিশুটিকে দেখতে ক্লিনিকে ছুটে যান গঙ্গাদাশপুর যুব সংগঠনের উপদেষ্ঠা রাজিব হোসেন রাজু, সাংবাদিক মিঠুন মাহমুদ, গঙ্গাদাশপুর যুব সংগঠনের সভাপতি শাহিন কবির, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, অর্থ সম্পাদক আরুক আলী, সদস্য শরিফ উদ্দিন, সাইদুর রহমান, বিল্লান হোসেন প্রমুখ।

জীবননগরে প্রয়াত সাংবাদিকদের রুহের মাগফিরাত কামনা

জীবননগর প্রেস ক্লাবে প্রয়াত সাংবাদিকদের রুহের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার দুপুর ২টার সময় জীবননগর প্রেস ক্লাবের আয়োজনে জীবননগর উপজেলায় প্রয়াত সাংবাদিকদের রুহের মাগফিরাত কামনায় জীবননগর প্রেস ক্লাবে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জীবননগর প্রেস ক্লাবের ভারপ্রাপ্ত সভাপতি যোয়াদ হোসেন কামালের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম আর বাবু, সাংবাদিক সালাউদ্দিন কাজল, জাহিদ বাবু, নারায়ণ ভৌমিক, মামুন হোসেন, আতিয়ার রহমান, কাজী শামসুর রহমান, মুন্সী খোকন, জাহাঙ্গীর আলম,

হুমায়ন কবির, জামাল হোসেন খোকন, মিঠুন মাহমুদ, চাষী রমজান, এ আর ডাবলু, জহিরুল ইসলাম, মাজেদুল ইসলাম মিল্টন, রমজান আলী, আলামিন হোসেনসহ জীবননগর প্রেস ক্লাবের সাবেক সভাপতি প্রয়াত আনোয়ারুল কবিরের স্ত্রী, প্রয়াত সাংবাদিক আবু সায়েমের দুই ছেলে এ দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠানে দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলানা ওলিয়ার রহমান ।